কোণের ডিগ্রি পরিমাপ ও রেডিয়ান (বৃত্তীয়) পরিমাপের সম্পর্ক

1 রেডিয়ান $= \frac{2}{\pi}$ সমকোণ

অর্থাৎ, $1^c = \frac{2}{\pi}$ সমকোণ। $[1 \text{ রেডিয়ান} = 1^c]$

$\therefore$ 1 সমকোণ $= \left(\frac{\pi}{2}\right)^c$

বা, $90^\circ = \left(\frac{\pi}{2}\right)^c$

$\therefore 1^\circ = \left(\frac{\pi}{180}\right)^c$ এবং $1^c = \left(\frac{180}{\pi}\right)^\circ$



কোণের ষাটমূলক ও রেডিয়ান (বৃত্তীয়) পরিমাপের সম্পর্ক

$D^\circ = \left(D \times \frac{\pi}{180}\right)^c = R^c$

অর্থাৎ, $D \times \frac{\pi}{180} = R$

বা, $\frac{D}{180} = \frac{R}{\pi}$

1 রেডিয়ান	$\frac{2}{\pi}$ সমকোণ
π রেডিয়ান	2 সমকোণ
1 রেডিয়ান	$\frac{180^\circ}{\pi} = \frac{180^\circ}{3.14159} = 57^\circ 17' 44.8''$
1°	$\frac{\pi}{180}$ রেডিয়ান $= \frac{3.14159}{180}$ রেডিয়ান $= 0.0174533$ রেডিয়ান

দ্রষ্টব্য-২: অধ্যায়ের সমস্যায় π এর আসন্ন মান চার দশমিক স্থান ($\pi = 3.1416$) পর্যন্ত ব্যবহার করা হবে। π এর আসন্ন মান ব্যবহৃত হলে উত্তরে অবশ্যই 'প্রায়' কথাটি লিখতে হবে।

পাঠ্যবইয়ের অনুশীলনমূলক কাজের সমাধান

কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৪৪]

330°, 535°, 777° ও 1045° কোণসমূহ কোন চতুর্ভাগে অবস্থান করে তা চিত্রসহ দেখাও।

সমাধান:

• 330°
$= 270^\circ + 60^\circ$
$= 3 \times 90^\circ + 60^\circ$

এখানে, 330° কোণটি ধনাত্মক এবং 3 সমকোণ অপেক্ষা বড় কিন্তু 4 সমকোণ অপেক্ষা ছোট। 330° কোণটি উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 3 সমকোণ ঘুরার পর আরও 60° বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, 330° কোণটি চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে।

• $535^\circ = 450^\circ + 85^\circ = 5 \times 90^\circ + 85^\circ$

এখানে, 535° কোণটি ধনাত্মক এবং 5 সমকোণ অপেক্ষা বড় কিন্তু 6 সমকোণ অপেক্ষা ছোট। 535° কোণটি উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 5 সমকোণ বা একবার সম্পূর্ণ ঘুরে আদি অবস্থানে আসার পর আরো এক সমকোণের চেয়ে 85° বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, 535° কোণটি দ্বিতীয় চতুর্ভাগে অবস্থান করে।

• $777^\circ = 720^\circ + 57^\circ = 8 \times 90^\circ + 57^\circ$

777° কোণটি ধনাত্মক এবং 8 সমকোণ অপেক্ষা বড় কিন্তু 9 সমকোণ অপেক্ষা ছোট। 777° কোণটি উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 8 সমকোণ বা দুইবার সম্পূর্ণ ঘুরে আদি অবস্থানে আসার পর আরও 57° বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, 777° কোণটি প্রথম চতুর্ভাগে অবস্থান করে।

• $1045^\circ = 990^\circ + 55^\circ = 11 \times 90^\circ + 55^\circ$

এখানে, 1045° কোণটি ধনাত্মক এবং 11 সমকোণ অপেক্ষা বড় কিন্তু 12 সমকোণ অপেক্ষা ছোট। 1045° কোণটি কোণ উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 8 সমকোণ বা দুইবার সম্পূর্ণ ঘুরে আদি অবস্থানে আসার পর আরও তিন সমকোণের চেয়ে 55° বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, 1045° কোণটি চতুর্থ চতুর্ভাগে অবস্থান করে।

কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৪৪]

-100°, -365°, -720° ও 1320° কোণসমূহ কোন চতুর্ভাগে অবস্থান করে চিত্রসহ নির্ণয় কর।

সমাধান:

• $-100° = -90° - 10° = -1 \times 90° - 10°$

এখানে, $-100°$ কোণটি ঋণাত্মক এবং ঘড়ির কাঁটার দিকে এক সমকোণ ঘুরার পর একই দিকে আরও $10°$ ঘুরতে হয়েছে।



সুতরাং, $-100°$ কোণটির অবস্থান তৃতীয় চতুর্ভাগে।

• $-365° = -360° - 5° = -4 \times 90° - 5°$

এখানে, $-365°$ কোণটি ঋণাত্মক এবং ঘড়ির কাঁটার দিকে একবার সম্পূর্ণ (4 সমকোণ) ঘুরার পর একই দিকে আরও $5°$ ঘুরতে হয়েছে।



সুতরাং, $-365°$ কোণটির অবস্থান চতুর্থ চতুর্ভাগে।

• $-720° = -8 \times 90°$

এখানে, $-720°$ কোণটি ঋণাত্মক এবং ঘড়ির কাঁটার দিকে দুইবার সম্পূর্ণ (8 সমকোণ) ঘুরার পর আর ঘুরেনি।



সুতরাং, $-720°$ কোণটির অবস্থান প্রথম চতুর্ভাগে।

• $1320° = 1260° + 60° = 14 \times 90° + 60°$

এখানে, $1320°$ কোণটি ধনাত্মক এবং 14 সমকোণ অপেক্ষা বড় কিন্তু 15 সমকোণ অপেক্ষা ছোট। $1320°$ কোণটি উৎপন্ন করতে ঘড়ির কাঁটার বিপরীত দিকে কোনো রশ্মিকে 12 সমকোণ বা তিনবার সম্পূর্ণ ঘুরে আদি অবস্থানে আসার পর আরও দুই সমকোণের চেয়ে $60°$ বেশি ঘুরতে হয়েছে।



সুতরাং, $1320°$ কোণটি তৃতীয় চতুর্ভাগে অবস্থান করে।

পাঠ্যবইয়ের অনুশীলনী ৮.১

ক্যালকুলেটর ব্যবহার করে নিম্নের সমস্যাগুলোর সমাধান নির্ণয় কর। সমস্ত ক্ষেত্রে π এর আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত ব্যবহার কর $(\pi = 3.1416)$।

১। (ক) রেডিয়ানে প্রকাশ কর:

(i) $75°30'$ (ii) $55°54'53'$ (iii) $33°22°11''$

১। (খ) ডিগ্রিতে প্রকাশ কর:

(i) $\frac{8\pi}{13}$ রেডিয়ান (ii) 1.3117 রেডিয়ান (iii) 0.9759 রেডিয়ান

২। একটি কোণকে ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে যথাক্রমে D^0 ও R^c দ্বারা প্রকাশ করা হলে, প্রমাণ কর যে, $\frac{D}{180} = \frac{R}{\pi}$.

৩। একটি চাকার ব্যাসার্ধ 2 মিটার 3 সে.মি. হলে, চাকার পরিধির আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর।

৪। একটি গাড়ির চাকার ব্যাস 0.84 মিটার এবং চাকাটি প্রতি সেকেন্ডে 6 বার ঘুরে। গাড়িটির গতিবেগ নির্ণয় কর।

৫। কোনো ত্রিভুজের কোণ তিনটির অনুপাত $2 : 5 : 3$ ক্ষুদ্রতম ও বৃহত্তম কোণের বৃত্তীয় মান কত?

৬। একটি ত্রিভুজের কোণগুলো সমান্তর শ্রেণিভুক্ত এবং বৃহত্তম কোণটি ক্ষুদ্রতম কোণের দ্বিগুণ। কোণগুলোর রেডিয়ান পরিমাপ কত?

৭। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। ঢাকা ও চট্টগ্রাম পৃথিবীর কেন্দ্রে $5°$ কোণ উৎপন্ন করে। ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব কত?

৮। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। টেকনাফ ও তেতুলিয়া পৃথিবীর কেন্দ্রে $10°6'3''$ কোণ উৎপন্ন করে। টেকনাফ ও তেতুলিয়ার মধ্যবর্তী দূরত্ব কত?

৯। শাহেদ একটি সাইকেলে চড়ে বৃত্তাকার পথে 11 সেকেন্ডে একটি বৃত্তচাপ অতিক্রম করে। যদি চাপটি কেন্দ্রে $30°$ কোণ উৎপন্ন করে এবং বৃত্তের ব্যাস 201 মিটার হয়, তবে শাহেদের সাইকেলের গতিবেগ কত?

১০। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। পৃথিবীর উপরের যে দুইটি স্থান কেন্দ্রে $32''$ কোণ উৎপন্ন করে তাদের দূরত্ব কত?

১১। সকাল 9.30 টায় ঘড়ির ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার অন্তর্গত কোণকে রেডিয়ানে প্রকাশ কর।

[সংকেত: এক ঘর কেন্দ্রে $\frac{360°}{60} = 6°$ ডিগ্রি কোণ উৎপন্ন করে। 9.30 টায় ঘন্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে ব্যবধান $\left(15 + 2\frac{1}{2}\right)$ বা $17\frac{1}{2}$ ঘর]

১২। এক ব্যক্তি বৃত্তাকার পথে ঘন্টায় 6 কি.মি. বেগে দৌড়ে 36 সেকেন্ডে যে বৃত্তচাপ অতিক্রম করে তা কেন্দ্রে $60°$ কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস নির্ণয় কর।

১৩। 750 কিলোমিটার দূরে একটি বিন্দুতে কোনো পাহাড় $8'$ কোণ উৎপন্ন করে। পাহাড়টির উচ্চতা নির্ণয় কর।

অনুশীলনী-৮.১ এর সমাধান

ক্যালকুলেটর ব্যবহার করে নিম্নের সমস্যাগুলোর সমাধান নির্ণয় কর। সমস্ত ক্ষেত্রে π এর আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত ব্যবহার কর ($\pi = 3.1416$)।

১। (ক) রেডিয়ানে প্রকাশ কর:
(i) $75°30'$ (ii) $55°54'53''$ (iii) $33°22'11''$
১। (খ) ডিগ্রিতে প্রকাশ কর:
(i) $\frac{8\pi}{13}$ রেডিয়ান (ii) 1.3117 রেডিয়ান (iii) 0.9759 রেডিয়ান

১। (ক) রেডিয়ানে প্রকাশ কর:

(i) $75°30'$

সমাধান: $75°30'$

$= \left(75\frac{30}{60}\right)^\circ$

$= \left(75\frac{1}{2}\right)^\circ$

$= \left(\frac{251}{2}\right)^\circ$

$= \left(\frac{151}{2} \times \frac{\pi}{180}\right)$ রেডিয়ান $\left[\because 1° = \frac{\pi^c}{180}\right]$

$= \frac{151\pi}{360}$ $[\pi = 3.1416]$

$= 1.3178$ রেডিয়ান (প্রায়)

$\therefore 75°30' = 1.3178$ রেডিয়ান (প্রায়) [Ans.]

(ii) $55°54'53''$

সমাধান: $55°54'53''$

$= 55°\left(54\frac{53}{60}\right)'$ $[\because 1' = 60'']$

$= 55°\left(\frac{3293}{60}\right)'$

$= \left(55\frac{3293}{60 \times 60}\right)^\circ$ $[\because 1° = 60']$

$= \left(\frac{201293}{3600}\right)^\circ$

$= \left(\frac{201293}{3600} \times \frac{\pi}{180}\right)$ রেডিয়ান $\left[\because 1° = \frac{\pi^c}{180}\right]$

$= \frac{201293\pi}{648000}$ $[\because \pi = 3.1416]$

$= 0.9759$ রেডিয়ান (প্রায়)

$\therefore 0.9759$ রেডিয়ান (প্রায়) [Ans.]

(iii) $33°22'11''$

সমাধান: $33°22'11''$

$= 33°\left(22\frac{11}{60}\right)'$ $[\because 1' = 60'']$

$= 33°\left(\frac{1331}{60}\right)'$

$= \left(33 + \frac{1331}{60 \times 60}\right)^\circ$ $[\because 1° = 60']$

$= \left(\frac{120131}{3600}\right)^\circ$

$= \left(\frac{12031}{3600} \times \frac{\pi}{180}\right)$ রেডিয়ান $\left[\because 1° = \frac{\pi^c}{180}\right]$

$= \frac{120131\pi}{3600 \times 180}$

$= 0.5824$ রেডিয়ান (প্রায়)

$\therefore 33°22'11'' = 0.5824$ রেডিয়ান (প্রায়) [Ans.]

১। (খ) ডিগ্রিতে প্রকাশ কর:

(i) $\frac{8\pi}{13}$ রেডিয়ান

সমাধান: $\left(\frac{8\pi}{13} \times \frac{180}{\pi}\right)$ ডিগ্রি $\left[\because 1^c = \frac{180}{\pi}\right]$

$= \frac{1440}{13}$ ডিগ্রী

$= 110.7692308$

$= 110°46'9.23''$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

(ii) 1.3177 রেডিয়ান

সমাধান

1.3177 রেডিয়ান

$= 1.3177 \times \frac{180}{\pi}$ ডিগ্রি $\left[\because 1^c = \frac{180°}{\pi}\right]$

$= \frac{237.186}{\pi}$ ডিগ্রী

$= \frac{237.186}{3.1416}$ ডিগ্রী

$= (75.49847)$ ডিগ্রী $[\therefore \pi = 3.1416]$

$= 75°29'54.49''$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

$\therefore 1.3177$ রেডিয়ান $= 75°29'54.49''$

(iii) 0.9759 রেডিয়ান

সমাধান:

0.9759 রেডিয়ান

$= 0.9759 \times \frac{180}{\pi}$ ডিগ্রি $\left[\because 1^c = \frac{180°}{\pi}\right]$

$= 55.914821$

$= 55°54'53.36''$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

$\therefore 0.9759$ রেডিয়ান $= 55°54'53.36''$

২। একটি কোণকে ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে যথাক্রমে $D°$ ও R^c দ্বারা প্রকাশ করা হলে, প্রমাণ কর যে, $\frac{D}{180} = \frac{R}{\pi}$

সমাধান:

আমরা জানি,

$\therefore 1° = \left(\frac{\pi}{180}\right)^c$

$\therefore D° = \left(\frac{D \times \pi}{180}\right)^c$

ষাটমূলক ও বৃত্তীয় পদ্ধতিতে একটি কোণের পরিমাণ যথাক্রমে, $D°$ ও R^c হলে, $D° = R^c$

বা, $\frac{D \times \pi}{180} = R$

বা, $\frac{D}{180} = \frac{R}{\pi}$ (প্রমাণিত)

৩। একটি চাকার ব্যাসার্ধ 2 মিটার 3 সে.মি. হলে, চাকার পরিধির আসন্ন মান চার দশমিক স্থান পর্যন্ত নির্ণয় কর।

সমাধান:

দেওয়া আছে,
চাকার ব্যাসার্ধ, $r = 2$ মিটার 3 সে.মি.

$= 2$ মিটার $+ \frac{3}{100}$ মিটার [$\because$ 100 সে.মি. $=$ 1 মিটার]

$= (2 + 0.03)$ মিটার

$= 2.03$ মিটার

আমরা জানি, পরিধি $= 2\pi r$

অতএব, চাকার পরিধি $= 2 \times 3.1416 \times 2.03 = 12.7549$ মিটার (প্রায়)

উত্তর: 12.7549 মিটার (প্রায়)

৪। একটি গাড়ির চাকার ব্যাস 0.84 মিটার এবং চাকাটি প্রতি সেকেন্ডে 6 বার ঘুরে। গাড়িটির গতিবেগ নির্ণয় কর।

সমাধান:

দেওয়া আছে,
চাকার ব্যাস, $d = 0.84$ মিটার

অতএব, ব্যাসার্ধ, $r = \frac{d}{2} = \frac{0.84}{2} = 0.42$ মিটার

$\therefore$ চাকাটির পরিধি, $2\pi r = 2 \times 3.1416 \times 0.42 = 2.6389$ মিটার

আমরা জানি, একটি চাকা এক বার ঘুরলে তার পরিধি সমান দূরত্ব অতিক্রম করে।
আবার চাকাটি প্রতি সেকেন্ডে 6 বার ঘুরে।

অতএব, 6 বার ঘুরার ফলে গাড়িটির অতিক্রান্ত দূরত্ব $= 6 \times$ পরিধি

$= 6 \times 2.6389$ মিটার

$= 15.8336$ মিটার

সুতরাং, গাড়িটির 1 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= 15.8336$ মিটার

$\therefore$ গাড়িটির 1 ঘন্টার বা 3600 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব $= 15.8336 \times 3600$ মিটার

$= 57000.96$ মিটার

$= 57$ কি.মি. (প্রায়)

$\therefore$ গাড়িটির গতিবেগ ≈ 57 কি.মি./ঘন্টা (প্রায়)

উত্তর: 57 কি.মি./ঘন্টা (প্রায়)

৫। কোনো ত্রিভুজের কোণ তিনটির অনুপাত 2 : 5 : 3 ক্ষুদ্রতম ও বৃহত্তম কোণের বৃত্তীয় মান কত?

সমাধান:

দেওয়া আছে, ত্রিভুজের কোণ তিনটির অনুপাত 2 : 5 : 3
ধরি, কোণ তিনটি যথাক্রমে $2x^c$, $5x^c$ এবং $3x^c$

আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি 2 সমকোণ বা, π^c

প্রশ্নমতে, $2x^c + 5x^c + 3x^c = \pi^c$

বা, $10x^c = \pi^c$

বা, $x = \frac{\pi}{10}$

$\therefore$ ক্ষুদ্রতম কোণ $= 2x^c = \left(2 \times \frac{\pi}{10}\right)^c = \frac{\pi}{5}$ রেডিয়ান

বৃহত্তম কোণ $= 5x^c = \left(5 \times \frac{\pi}{10}\right)^c = \frac{\pi}{2}$ রেডিয়ান

উত্তর: $\frac{\pi}{5}$ রেডিয়ান, $\frac{\pi}{2}$ রেডিয়ান

৬। একটি ত্রিভুজের কোণগুলো সমান্তর প্রেণিভুক্ত এবং বৃহত্তম কোণটি ক্ষুদ্রতম কোণের দ্বিগুণ। কোণগুলোর রেডিয়ান পরিমাপ কত?

সমাধান:

মনে করি, ত্রিভুজটির ক্ষুদ্রতম কোণ x রেডিয়ান
এবং ত্রিভুজটির বৃহত্তম কোণ $2x$ রেডিয়ান

যেহেতু কোণগুলো সমান্তর শ্রেণিভুক্ত, তাই অপর কোণটি $= \frac{x + 2x}{2}$ রেডিয়ান

$= \frac{3x}{2}$ রেডিয়ান

[এখানে, কোণগুলো সমান্তর শ্রেণিভুক্ত, তাই ক্ষুদ্রতম কোণটি একটি সমান্তর ধারার ১ম পদ, বৃহত্তম কোণটি ৩য় পদ হবে এবং অপর কোণটি হবে ২য় পদ, আমরা জানি, সমান্তর ধারার ক্ষেত্রে, ২য় পদ $=$ $\frac{\text{১ম পদ + ৩য় পদ}}{2}$ সাধারণ ভাবে, n তম পদ ও $(n + 2)$ তম পদের গাণিতিক গড় হলো $(n + 1)$ তম পদের সমান। যেমন, $2 + 4 + 6 + 8 + \ldots\ldots\ldots$ সমান্তর ধারাটির ২য় পদ 4 যা ১ম পদ ও তৃতীয় পদের গড়ের সমান অর্থাৎ $\frac{2+6}{2} = \frac{8}{2} = 4$]

আমরা জানি, ত্রিভুজের তিনকোণের সমষ্টি দুই সমকোণ বা 180° বা π রেডিয়ান।
প্রশ্নমতে,

$$x + \frac{3x}{2} + 2x = \pi$$

বা, $\frac{2x + 3x + 4x}{2} = \pi$

বা, $9x = 2\pi$

$\therefore x = \frac{2\pi}{9}$ রেডিয়ান

$\therefore$ ত্রিভুজটির ক্ষুদ্রতম কোণ, $x = \frac{2\pi}{9}$ রেডিয়ান

ত্রিভুজটির বৃহত্তম কোণ, $2x = 2 \times \frac{2\pi}{9}$

$= \frac{4\pi}{9}$ রেডিয়ান

$\therefore$ অপর কোণটি হলো, $\frac{3}{2}x = \frac{3}{2} \times \frac{2\pi}{9} = \frac{\pi}{3}$ রেডিয়ান

$\therefore$ ত্রিভুজটি কোণ তিনটি যথাক্রমে, $\frac{2\pi}{9}$, $\frac{\pi}{3}$ এবং $\frac{4\pi}{9}$ রেডিয়ান।

উত্তর: $\frac{2\pi}{9}$, $\frac{\pi}{3}$, $\frac{4\pi}{9}$

৭। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। ঢাকা ও চট্টগ্রাম পৃথিবীর কেন্দ্রে 5° কোণ উৎপন্ন করে। ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব কত?

সমাধান:

মনে করি, O কেন্দ্রবিশিষ্ট পৃথিবীর উপরস্থ দুটি স্থান ঢাকা ও চট্টগ্রাম যথাক্রমে A এবং B।

পৃথিবীর ব্যাসার্ধ $r = 6440$ কি.মি.

পৃথিবীর কেন্দ্রে উৎপন্ন কোণ



$\angle AOB = \theta = 5^\circ = 5 \times \frac{\pi^c}{180}$

$= \frac{\pi}{36}$ রেডিয়ান।

ঢাকা ও চট্টগ্রামের দূরত্ব $=$ চাপ $AB = S$

$\therefore S = r\theta = 6440 \times \frac{\pi}{36}$ কি.মি.

$= 561.997$ কি.মি. (প্রায়)

$= 562$ কি.মি. (প্রায়)

[দ্রষ্টব্য: পৃথিবী গোলাকার (কমলা লেবুর আকৃতির)। তাই পৃথিবীর যেকোনো দুইটি স্থানের মধ্যবর্তী দূরত্ব, রৈখিক দূরত্ব নয় বরং দূরত্ব হবে চাপ আকৃতির]

৮। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। টেকনাফ ও তেঁতুলিয়া পৃথিবীর কেন্দ্রে 10°6'3" কোণ উৎপন্ন করে। টেকনাফ ও তেঁতুলিয়ার মধ্যবর্তী দূরত্ব কত?

সমাধান:

মনে করি, O কেন্দ্রবিশিষ্ট পৃথিবীর উপরস্থ দুটি স্থান টেকনাফ ও তেঁতুলিয়া যথাক্রমে A এবং B।
এখানে, পৃথিবীর ব্যাসার্ধ, $r = 6440$ কি.মি.
পৃথিবীর কেন্দ্রে উৎপন্ন কোণ,
$\angle AOB = \theta = 10°6'3''$



$$= 10°\left(6\frac{3}{60}\right)'$$

$$= 10°\left(6\frac{1}{20}\right)'$$

$$= 10°\left(\frac{121}{20}\right)'$$

$$= \left(10\frac{121}{20\times 60}\right)°$$

$$= \left(\frac{12121}{1200}\right)°$$

$$= \left(\frac{12121}{1200}\times\frac{\pi}{180}\right) \text{ রেডিয়ান}$$

$= 0.17629$ রেডিয়ান

এবং $AB = S =$ টেকনাফ ও তেঁতুলিয়ার দূরত্ব
$\therefore S = r\theta$
$= 6440 \times 0.17629$ কি.মি.
$= 1135.3076$ কি.মি. (প্রায়) **(উত্তর)**

৯। শাহেদ একটি সাইকেলে চড়ে বৃত্তাকার পথে 11 সেকেন্ডে একটি বৃত্তচাপ অতিক্রম করে। যদি চাপটি কেন্দ্রে 30° কোণ উৎপন্ন করে এবং বৃত্তের ব্যাস 201 মিটার হয়, তবে শাহেদের সাইকেলের গতিবেগ কত?

সমাধান:

দেওয়া আছে, বৃত্তের ব্যাস, $d = 201$ মিটার

$\therefore$ বৃত্তের ব্যাসার্ধ, $r = \frac{d}{2} = \frac{201}{2} = 100.5$ মিটার

কেন্দ্রে গঠিত কোণ, $\theta = 30° = 30 \times \frac{\pi}{180}^c$

$= \frac{\pi}{6}$ রেডিয়ান

মনে করি, অতিক্রান্ত বৃত্তচাপের দৈর্ঘ্য $= S$ মিটার।
$\therefore S = r\theta$

$= 100.5 \times \frac{\pi}{6}$

$= 52.62$ মিটার।
অর্থাৎ, শাহেদ 11 সেকেন্ডে অতিক্রম করে 52.62 মিটার

$\therefore$ " 1 " " " $= \frac{52.62}{11}$

$= 4.78$ মিটার (প্রায়)

$\therefore$ শাহেদের সাইকেলের গতিবেগ 4.78 মিটার/সেকেন্ড
উত্তর: 4.78 মিটার/সেকেন্ড

১০। পৃথিবীর ব্যাসার্ধ 6440 কি.মি.। পৃথিবীর উপরের যে দুইটি স্থান কেন্দ্রে 32" কোণ উৎপন্ন করে তাদের দূরত্ব কত?

সমাধান:

মনে করি, O কেন্দ্রবিশিষ্ট পৃথিবীর উপরস্থ দুটি স্থান A ও B কেন্দ্রে 32" কোণ উৎপন্ন করে।
পৃথিবীর কেন্দ্রে উৎপন্ন কোণ $\theta = 32''$



$$= \left(\frac{32}{60}\right)' = \left(\frac{32}{60\times 60}\right)°$$

$$= \left(\frac{32\times\pi}{60\times 60\times 180}\right) \text{ রেডিয়ান}$$

স্থান দুইটির মধ্যবর্তী দূরত্ব চাপ, $AB = S = r\theta$

$= 6440 \times \frac{32\times\pi}{60\times 60\times 180}$ কি.মি.

$= 0.9991$ কি.মি. $= 1$ কি.মি. (প্রায়)

উত্তর: 1 কি.মি. (প্রায়)

১১। সকাল 9.30 টায় ঘড়ির ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার অন্তর্গত কোণকে রেডিয়ানে প্রকাশ কর।

[সংকেত: এক ঘর কেন্দ্রে $\frac{360°}{60} = 6°$ কোণ উৎপন্ন করে। 9.30 টায় ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যে ব্যবধান $\left(15 + 2\frac{1}{2}\right)$ বা $17\frac{1}{2}$ ঘর]

সমাধান:

60 মিনিটে ঘড়ির মিনিটের কাঁটা 60 টি ঘর অতিক্রম করে এবং 60 মিনিটে ঘণ্টার কাঁটা 5 টি ঘর অতিক্রম করে। সুতরাং 30 মিনিটে ঘণ্টার কাঁটা $\frac{5}{2}$ ঘর সামনে অতিক্রম করে যায়।

আবার, ঘড়ির ডায়াল বা মুখপাত্রের 60 টি ঘর কেন্দ্রে চার সমকোণ বা 360° কোণ ধারণ করে।

$\therefore$ একটি ঘর কেন্দ্রে $\frac{360°}{60} = 6°$ কোণ ধারণ করে।

সুতরাং, 9.30 টায় ঘড়ির মিনিটের কাঁটা ও ঘণ্টার কাঁটার মধ্যে ব্যবধান $= (15$ ঘর $+ \frac{5}{2}$ ঘর$)$

$= 17\frac{1}{2}$ ঘর।

[ঘণ্টার কাটা 1 ঘণ্টায় ঘোরে 5 ঘর সুতরাং 12 থেকে 7 টা মোট 3 ঘণ্টায় ঘোরে $3 \times 5 = 15$ ঘর]

যেহেতু 1 ঘর কেন্দ্রে 6° কোণ ধারণ করে

সেহেতু $17\frac{1}{2}$ ঘর কেন্দ্রে $17\frac{1}{2} \times 6° = 105°$ কোণ ধারণ করে

আমরা জানি, $1° = \frac{\pi}{180}$ রেডিয়ান

$$\therefore 105° = \left(\frac{\pi}{180}\times 105\right)$$

$= 1.833$ রেডিয়ান (প্রায়)

উত্তর: 1.833 রেডিয়ান (প্রায়)

১২। এক ব্যক্তি বৃত্তাকার পথে ঘণ্টায় 6 কি.মি. বেগে দৌড়ে 36 সেকেন্ডে যে বৃত্তচাপ অতিক্রম করে তা কেন্দ্রে 60° কোণ উৎপন্ন করে। বৃত্তের ব্যাস নির্ণয় কর।

সমাধান:

মনে করি, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তের ব্যাসার্ধ $= r$ মিটার

আমরা জানি, 1 ঘণ্টা = 3600 সেকেন্ড

আবার, 6 কি.মি. $= 6 \times 1000$ মিটার

সুতরাং,

লোকটি 3600 সেকেন্ড অতিক্রম করে 6×1000 মিটার পথ

$\therefore$ লোকটি 36 সেকেন্ড অতিক্রম করে $\frac{6 \times 1000 \times 36}{3600}$ মিটার পথ

$= 60$ মিটার পথ

যদি 36 সেকেন্ডে উৎপন্ন বৃত্তচাপটি AB চাপ হয় তাহলে AB চাপের দৈর্ঘ্য, $s = 60$ মিটার দেওয়া আছে,

কেন্দ্রে উৎপন্ন কোণ, $\theta = 60^\circ = 60 \times \frac{\pi}{180}$ রেডিয়ান $\left[\because 1^\circ = \frac{\pi^c}{180}\right]$

$= \frac{\pi}{3}$ রেডিয়ান



আমরা জানি,

$s = r\theta$

বা, $60 = r \times \frac{\pi}{3}$

বা, $r = \frac{60 \times 3}{\pi}$

বা, $r = \frac{60 \times 3}{3.1416}$

$\therefore r = 57.2956$

$\therefore$ বৃত্তের ব্যাস $= 2r$ মিটার

$= 2 \times 57.2956$ মিটার

$= 114.59$ মিটার (প্রায়)

$\therefore$ নির্ণেয় ব্যাস $= 114.59$ মিটার (প্রায়)

উত্তর: 114.59 মিটার (প্রায়)

১৩। 750 কিলোমিটার দূরে একটি বিন্দুতে কোনো পাহাড় $8'$ কোণ উৎপন্ন করে। পাহাড়টির উচ্চতা নির্ণয় কর।

সমাধান:

আমরা জানি, r ব্যাসার্ধের বৃত্তের কেন্দ্রে s চাপ θ কোণ উৎপন্ন করলে, $s = r\theta$

এখন, $\theta = 8' = \frac{8}{60}^\circ = \frac{8}{60} \times \frac{\pi}{180}$ রেডিয়ান

এবং $r = 750$ কি.মি.

$\therefore$ পাহাড়ের উচ্চতা, $s = r\theta$

$= 750 \times \frac{8}{60} \times \frac{\pi}{180}$ কি.মি.

$= 1.745$ কি.মি. বা 1745 মিটার

$= 1.745$ কি.মি. (প্রায়) বা 1745 মিটার (প্রায়)

$\therefore$ নির্ণেয় উচ্চতা $= 1.745$ কি.মি. (প্রায়) বা 1745 মিটার (প্রায়)

উত্তর: 1.745 কি.মি. (প্রায়) বা 1745 মিটার (প্রায়)

বিকল্প পদ্ধতি:

এখানে, $\theta = 8' = \frac{8}{60}^\circ$



মনে করি, পাহাড়ের উচ্চতা $= AB$

এবং নির্দিষ্ট বিন্দু হতে পাহাড়ের দূরত্ব, $OA = 750$ কি.মি.

$\therefore \tan\theta = \frac{AB}{OA}$

বা, $AB = OA \times \tan\theta$

বা, $AB = 750 \times \tan\left(\frac{8}{60}\right)^\circ$

$\therefore AB = 1.745$ কি.মি. $= 1745$ মিটার $[\because 1km = 1000m]$

$\therefore$ পাহাড়ের উচ্চতা $= 1.745$ কি.মি. বা 1745 মিটার। [Ans.]

অনুশীলনী-৮.২

প্রাথমিক আলোচনা

ত্রিকোণমিতির ভিত্তি: সমকোণী ত্রিভুজের উপর ভিত্তি করেই 'ত্রিকোণমিতি' নামক বিষয়টি গড়ে উঠেছে।

ত্রিকোণমিতির অনুপাতসমূহ:

মনে করি, ΔOPM একটি সমকোণী ত্রিভুজ।

এখানে, $\angle M = 90^\circ$ বা এক সমকোণ এবং $\angle O = \theta$, একটি সূক্ষ্মকোণ। OPM সমকোণী ত্রিভুজে $OP =$ অতিভুজ, $OM =$ ভূমি এবং $PM =$ লম্ব।



এই সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণ (θ) এর ৬টি ত্রিকোণমিতিক অনুপাত পাওয়া যায়।

যথা:

(i) $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{PM}{OP}$ (ইহা লম্ব ও অতিভুজের অনুপাত)

(ii) $\cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} = \frac{OM}{OP}$ (ইহা ভূমি ও অতিভুজের অনুপাত)

(iii) $\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \frac{PM}{OM}$ (ইহা লম্ব ও ভূমির অনুপাত)

(iv) $\cot\theta = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}} = \frac{OM}{PM}$ (ইহা ভূমি ও লম্বের অনুপাত)

(v) $\sec\theta = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}} = \frac{OP}{OM}$ (ইহা অতিভুজ ও ভূমির অনুপাত)

(vi) $\text{cosec}\theta = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}} = \frac{OP}{PM}$ (ইহা অতিভুজ ও লম্বের অনুপাত)

পরস্পর বিপরীত অনুপাতসমূহ:

1. $\sin\theta$ ও $\text{cosec}\theta$ পরস্পর বিপরীত:
   অর্থাৎ, $\sin\theta = \frac{1}{\text{cosec}\theta}$ বা, $\text{cosec}\theta = \frac{1}{\sin\theta}$
2. $\cos\theta$ ও $\sec\theta$ পরস্পর বিপরীত:
   অর্থাৎ, $\cos\theta = \frac{1}{\sec\theta}$ বা, $\sec\theta = \frac{1}{\cos\theta}$
3. $\tan\theta$ ও $\cot\theta$ পরস্পর বিপরীত:
   অর্থাৎ, $\tan\theta = \frac{1}{\cot\theta}$ বা, $\cot\theta = \frac{1}{\tan\theta}$

লক্ষ করি: $\sin\theta$ প্রতীকটি θ কোণের সাইন অনুপাতকে বোঝায়। sin ও θ এর গুণফল নয়। θ বাদে sin আলাদা কোনো অর্থ বহন করে না। অনুরূপ উক্তি $\cos\theta$, $\sec\theta$, $\text{cosec}\theta$, $\tan\theta$, $\cot\theta$ অনুপাতগুলোর জন্যও প্রযোজ্য। [Ref: পাঠ্যবই পৃষ্ঠা-১৫৪]

ত্রিকোণমিতিক অনুপাত মনে রাখার উপায়:

Mnemonic:

$\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$	সাগরে	লবণ	আছে
	↓	↓	↓
	sine	লম্ব	অতিভুজ

$\cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}}$	কবরে	ভূত	আছে
	↓	↓	↓
	cos	ভূমি	অতিভুজ

$\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}}$	ট্যারা	লম্বা	ভূত
	↓	↓	↓
	tan	লম্ব	ভূমি

ত্রিকোণমিতিতে বহুল ব্যবহৃত সূত্রসমূহ

1. $\sin^2\theta + \cos^2\theta = 1$	2. $\sec^2\theta - \tan^2\theta = 1$	3. $\text{cosec}^2\theta - \cot^2\theta = 1$	4. $\tan\theta = \frac{\sin\theta}{\cos\theta}$	5. $\cot\theta = \frac{\cos\theta}{\sin\theta}$

ত্রিকোণমিতির অনুপাত সংক্রান্ত কতিপয় সহজ অভেদাবলি

OPM সমকোণী ত্রিভুজে $OP^2 = PM^2 + OM^2$ ... ... (i)

বা, $\left(\frac{OP}{OP}\right)^2 = \left(\frac{PM}{OP}\right)^2 + \left(\frac{OM}{OP}\right)^2$

বা, $1 = (\sin\theta)^2 + (\cos\theta)^2$

$\therefore \sin^2\theta + \cos^2\theta = 1$

(i) নং এর উভয়পক্ষে PM^2 দ্বারা ভাগ করে পাই,

$\left(\frac{OP}{PM}\right)^2 = \left(\frac{PM}{PM}\right)^2 + \left(\frac{OM}{PM}\right)^2$

বা, $(\text{cosec}\theta)^2 = 1 + (\cot\theta)^2$

$\therefore \text{cosec}^2\theta = 1 + \cot^2\theta$

(i) নং এর উভয়পক্ষে OM^2 দ্বারা ভাগ করে পাই,

$\left(\frac{OP}{OM}\right)^2 = \left(\frac{PM}{OM}\right)^2 + \left(\frac{OM}{OM}\right)^2$

বা, $(\sec\theta)^2 = (\tan\theta)^2 + 1$

$\therefore \sec^2\theta = 1 + \tan^2\theta$



আবার, θ-এর যেকোনো মানের জন্য অভেদগুলো সত্য হওয়ায় লেখা যায়—

$\sin^2 0^\circ + \cos^2 0^\circ = 1$; $\sin^2\frac{\theta}{2} + \cos^2\frac{\theta}{2} = 1$; $\sin^2 5\theta + \cos^2 5\theta = 1$

...ক্ষেত্রে রাখা ভালো:
...পূর্ণসংখ্যা সূচক n এর জন্য
$(\sin\theta)^n = \sin^n\theta$ অনুরূপভাবে, $(\cos\theta)^n = \cos^n\theta$
সুতরাং $(\sin\theta)^2 = \sin^2\theta$ এবং $(\cos\theta)^2 = \cos^2\theta$
একইভাবে, $(\sin\theta)^3 = \sin^3\theta$ এবং $(\cos\theta)^3 = \cos^3\theta$

...আকর্ষণ: $\sin^2\theta + \cos^2\theta = 1$
একইভাবে, $\sin^2 A + \cos^2 A = 1$. একইভাবে, $\sin^2\alpha + \cos^2\alpha = 1$

কিন্তু মনে রাখবেন,
$$\sin^2 A + \cos^2 B \neq 1$$
অর্থাৎ, $\sin^2 A + \cos^2 B$ এর মান 1 হতে পারে না।
একইভাবে, $\sin^2\theta + \cos^2 A \neq 1$
অর্থাৎ sin ও cos উভয়ের বেলায় একই কোণ না হলে-
$\boxed{\sin^2\theta + \cos^2\theta = 1}$ -এই সূত্র প্রযোজ্য হবে না।

আদর্শ কোণসমূহের ত্রিকোণমিতিক অনুপাতসমূহ

মনে রাখার কৌশল (0, 1, 2, 3 এবং 4 সংখ্যাগুলোর প্রত্যেকটিকে 4 দ্বারা ভাগ করে)

কোণ অনুপাত	0	$\frac{\pi}{6}(30°)$	$\frac{\pi}{4}(45°)$	$\frac{\pi}{3}(60°)$	$\frac{\pi}{2}(90°)$
sin	$\sqrt{\frac{0}{4}} = 0$	$\sqrt{\frac{1}{4}} = \frac{1}{2}$	$\sqrt{\frac{2}{4}} = \frac{1}{\sqrt{2}}$	$\sqrt{\frac{3}{4}} = \frac{\sqrt{3}}{2}$	$\sqrt{\frac{4}{4}} = 1$
cos	$\sqrt{\frac{4}{4}} = 1$	$\sqrt{\frac{2}{4}} = \frac{\sqrt{3}}{2}$	$\sqrt{\frac{2}{4}} = \frac{1}{\sqrt{2}}$	$\sqrt{\frac{1}{4}} = \frac{1}{2}$	$\sqrt{\frac{0}{4}} = 0$
tan	$\sqrt{\frac{0}{3}} = 0$	$\sqrt{\frac{1}{3}} = \frac{1}{\sqrt{3}}$	$\sqrt{\frac{3}{3}} = 1$	$\sqrt{\frac{9}{3}} = \sqrt{3}$	অসংজ্ঞায়িত
cot: $\cot = \frac{1}{\tan\theta}$	অসংজ্ঞায়িত	$\sqrt{3}$	1	$\frac{1}{\sqrt{3}}$	0
sec: $\sec\theta = \frac{1}{\cos\theta}$	1	$\frac{2}{\sqrt{3}}$	$\sqrt{2}$	2	অসংজ্ঞায়িত
cosec: $\text{cosec}\theta = \frac{1}{\sin\theta}$	অসংজ্ঞায়িত	2	$\sqrt{2}$	$\frac{2}{\sqrt{3}}$	1

$\tan\theta = \frac{y}{x}$ যখন $\theta = 90°$; স্থানাঙ্ক হবে $(0, a)$ অর্থাৎ $x = 0$, ফলে $\tan 90°$ সর্বদা ∞

বি.দ্র.: শূন্য (0) দ্বারা কোনো কিছুকে ভাগ করলে অসংজ্ঞায়িত হয়। যথা- $\frac{a}{0}, \frac{x}{0}, \frac{2}{0}, \frac{5}{0}$ ইত্যাদি অসংজ্ঞায়িত।

ত্রিকোণমিতিক অনুপাতের মানের সীমাবদ্ধতা ও পরিধি

OPM সমকোণী ত্রিভুজে অতিভুজ OP বৃহত্তম বাহু
$\therefore \frac{PM}{OP} < 1$ অর্থাৎ $\sin\theta < 1$
$\frac{OM}{OP} < 1$ অর্থাৎ $\cos\theta < 1$
$\frac{OP}{PM} > 1$ অর্থাৎ $\text{cosec}\theta > 1$
$\frac{OP}{OM} > 1$ অর্থাৎ $\sec\theta > 1$
আবার, ΔPOM-এ $PM + OM > OP$
বা, $\frac{PM}{OP} + \frac{OM}{OP} > 1$
$\therefore \sin\theta + \cos\theta > 1$ যখন θ সূক্ষ্মকোণ।



আবার, $\sin^2\theta + \cos^2\theta = 1$ এক্ষেত্রে লক্ষণীয়:
(i) $\sin^2\theta$ ও $\cos^2\theta$ উভয়েই বাস্তব সংখ্যার বর্গ অতএব, উভয়ই ধনাত্মক।
(ii) এ হিসেবে $\sin^2\theta$ কিংবা $\cos^2\theta$ কোনোটিরই মান 1 এর বেশি হতে পারে না।
(iii) যদি $\sin^2\theta$ এর মান 1 এর চেয়ে বড় হয় তবে $\cos^2\theta$ এর মান ঋণাত্মক হবে যা অসম্ভব।
(iv) অতএব, $\sin^2\theta$ অথবা $\cos^2\theta$ কোনোটিরই মান 1 এর বেশি হতে পারে না।
(v) সুতরাং θ এর যেকোনো মানের জন্য $\sin\theta$ ও $\cos\theta$ এর সংখ্যামান কখনই 1 এর থেকে বড় হবে না।

sinθ ও cosθ এর মান সবসময়ই +1 থেকে −1 এর মধ্যে হবে। অর্থাৎ $-1 \le \sin\theta \le 1$ এবং $-1 \le \cos\theta \le 1$

sinθ ও cosθ এর মান সবসময়ই + 1 থেকে − 1 এর মধ্যে হবে। সুতরাং cosecθ এবং secθ এর মান + 1 অপেক্ষা ছোট কিংবা − 1 অপেক্ষা বড় হতে পারে না।

আবার, যেহেতু $\text{cosec}\theta = \frac{1}{\sin\theta}$ এবং $\sec\theta = \frac{1}{\cos\theta}$ সুতরাং cosecθ এবং secθ এর মান + 1 অপেক্ষা ছোট কিংবা − 1 অপেক্ষা বড় হতে পারে না।

cosecθ এবং secθ এর মান কখনই + 1 থেকে − 1 এর মধ্যবর্তী হবে না।

মন্তব্য: tanθ বা cotθ এর মান + 1 অপেক্ষা বৃহত্তর বা − 1 অপেক্ষা ক্ষুদ্রতর হতে পারে।

পাঠ্যবইয়ের অনুশীলনমূলক কাজের সমাধান

১. কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৪৫]

ABC একটি সমকোণী ত্রিভুজ এবং $\sin\theta = \frac{2}{\sqrt{5}}$ । অন্য ত্রিকোণমিতিক অনুপাতসমূহ নির্ণয় কর।

সমাধান:

ধরি, ABC একটি সমকোণী ত্রিভুজ।



অতিভুজ $= AC$, ভূমি $= AB$,
লম্ব $= BC$ এবং $\angle BAC = \theta$

দেওয়া আছে, $\sin\theta = \frac{2}{\sqrt{5}}$

বা, $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{2}{\sqrt{5}}$

$\therefore BC$ লম্ব $= 2$ একক এবং AC অতিভুজ $= \sqrt{5}$ একক।

পীথাগোরাসের উপপাদ্য অনুযায়ী,

ভূমি $\sqrt{AC^2 - BC^2} = \sqrt{5-4} = \sqrt{1} = 1$ একক।

$\therefore$ অন্য ত্রিকোণমিতিক অনুপাতসমূহ,

$$\cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} = \frac{1}{\sqrt{5}}$$

$$\sec\theta = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}} = \frac{\sqrt{5}}{1} = \sqrt{5}$$

$$\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \frac{2}{1} = 2$$

$$\cot\theta = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}} = \frac{1}{2}$$

$$\operatorname{cosec}\theta = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}} = \frac{\sqrt{5}}{2}$$

২. কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৪৮]

প্রমাণ কর যে, (চিত্রের সাহায্যে):
(i) $\sec^2\theta - \tan^2\theta = 1$
(ii) $\operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 1$

সমাধান:



চিত্রে, OPM সমকোণী ত্রিভুজ এর অতিভুজ OP এবং θ কোণের সাপেক্ষে ভূমি $OM = x$, লম্ব $PM = y$

পীথাগোরাসের উপপাদ্য হতে পাই, $OP^2 = PM^2 + OM^2$
বা, $r^2 = y^2 + x^2$

(i) এখানে, $\sec\theta = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}} = \frac{r}{x}$

$$\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \frac{y}{x}$$

এবং $r^2 = x^2 + y^2$

$$\therefore \sec^2\theta - \tan^2\theta = \frac{r^2}{x^2} - \frac{y^2}{x^2} = \frac{r^2 - y^2}{x^2} = \frac{x^2}{x^2} = 1$$

$\therefore \sec^2\theta - \tan^2\theta = 1$ [প্রমাণিত]

(ii) আবার চিত্র হতে,

$$\operatorname{cosec}\theta = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}} = \frac{r}{y}$$

$$\cot\theta = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}} = \frac{x}{y}$$

এবং $r^2 = x^2 + y^2$

এখন, $\operatorname{cosec}^2\theta - \cot^2\theta = \frac{r^2}{y^2} - \frac{x^2}{y^2} = \frac{r^2 - x^2}{y^2} = \frac{y^2}{y^2} = 1$

$\therefore \operatorname{cosec}^2\theta - \cot^2\theta = 1$ [প্রমাণিত]

৩. কাজ: [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৪৮]

θ স্থূলকোণ $\left(\frac{\pi}{2} < \theta < \pi\right)$ এবং $\tan\theta = -\frac{1}{2}$ হলে, অন্য ত্রিকোণমিতিক অনুপাতসমূহ, সমকোণী ত্রিভুজ এবং ত্রিকোণমিতিক অঙ্কন এর সাহায্যে নির্ণয় কর।

সমাধান:

আমরা জানি,

$$\tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = -\frac{1}{2}$$



চিত্রে সমকোণী ত্রিভুজ POQ থেকে পাই,

অতিভুজ, $OP = \sqrt{PQ^2 + OQ^2} = \sqrt{1^2 + (-2)^2}$
$= \sqrt{1+4} = \sqrt{5}$ একক।

$$\therefore \sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{1}{\sqrt{5}}$$

$$\cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} = \frac{OQ}{OP} = \frac{-2}{\sqrt{5}}$$

$$\operatorname{cosec} = \frac{\text{অতিভুজ}}{\text{লম্ব}} = \frac{OP}{PQ} = \frac{\sqrt{5}}{1} = \sqrt{5}$$

$$\sec\theta = \frac{\text{অতিভুজ}}{\text{ভূমি}} = \frac{OP}{OQ} = \frac{\sqrt{5}}{-2} = -\frac{\sqrt{5}}{2}$$

$$\cot\theta = \frac{\text{ভূমি}}{\text{লম্ব}} = -2$$

ত্রিকোণমিতিক অভেদ ব্যবহার করে:

আমরা জানি, $\sec^2\theta - \tan^2\theta = 1$

বা, $\sec^2\theta = 1 + \tan^2\theta = 1 + \frac{1}{4} = \frac{4+1}{4} = \frac{5}{4}$

$\therefore \sec\theta = \pm\frac{\sqrt{5}}{2}$

যেহেতু θ স্থূলকোণ, তাই θ দ্বিতীয় চতুর্ভাগে এবং $\sin\theta$ এবং $\operatorname{cosec}\theta$ ধনাত্মক ও $\sec\theta, \operatorname{cosec}\theta, \cot\theta, \tan\theta$ ঋণাত্মক।

$\therefore \sec\theta = -\frac{\sqrt{5}}{2}$

এখন, $\cos\theta = \frac{1}{\sec\theta} = -\frac{2}{\sqrt{5}}$

$\cot\theta = \frac{1}{\tan\theta} = -2$

এখন, $\sin^2\theta + \cos^2\theta = 1$

বা, $\sin^2\theta = 1 - \cos^2\theta$

$= 1 - \left(-\frac{2}{\sqrt{5}}\right)^2 = 1 - \frac{4}{5} = \frac{5-4}{5} = \frac{1}{5}$

$\therefore \sin\theta = \pm\frac{1}{\sqrt{5}}$

যেহেতু $\sin\theta$ ধনাত্মক, $\sin\theta = \frac{1}{\sqrt{5}}$

অতএব, $\operatorname{cosec}\theta = \frac{1}{\sin\theta} = \sqrt{5}$.

[Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৫৫]

২. কাজ:

১। $\sin^2\frac{\pi}{4}\cos^2\frac{\pi}{3} + \tan^2\frac{\pi}{6}\sec^2\frac{\pi}{3} + \cot^2\frac{\pi}{3}\operatorname{cosec}^2\frac{\pi}{4}$ এর মান নির্ণয় কর।

২। সরল কর: $\dfrac{\sin^2\frac{\pi}{3} + \sin\frac{\pi}{3}\cos\frac{\pi}{3} + \cos^2\frac{\pi}{3}}{\sin\frac{\pi}{3} + \cos\frac{\pi}{3}} - \dfrac{\sin^2\frac{\pi}{3}\cos\frac{\pi}{3} + \cos^2\frac{\pi}{3}}{\sin\frac{\pi}{3} - \cos\frac{\pi}{3}}$

১নং এর সমাধান:

আমরা জানি,

$\sin\frac{\pi}{4} = \frac{1}{\sqrt{2}}, \cos\frac{\pi}{3} = \frac{1}{2}, \tan\frac{\pi}{6} = \frac{1}{\sqrt{3}}, \sec\frac{\pi}{3} = 2,$

$\cot\frac{\pi}{3} = \frac{1}{\sqrt{3}}$ $\operatorname{cosec}\frac{\pi}{4} = \sqrt{2}$

$\therefore \sin^2\frac{\pi}{4}\cos^2\frac{\pi}{3} + \tan^2\frac{\pi}{6}\sec^2\frac{\pi}{3} + \cot^2\frac{\pi}{3}\operatorname{cosec}^2\frac{\pi}{4}$

$= \left(\frac{1}{\sqrt{2}}\right)^2 \cdot \left(\frac{1}{2}\right)^2 + \left(\frac{1}{\sqrt{3}}\right)^2 \cdot (2)^2 \left(\frac{1}{\sqrt{3}}\right)^2 \cdot (\sqrt{2})^2$

$= \frac{1}{2} \times \frac{1}{4} + \frac{1}{3} \times 4 + \frac{1}{3} \times 2$

$= \frac{1}{8} + \frac{4}{3} + \frac{2}{3}$

$= \frac{3+32+16}{24}$

$= \frac{51}{24}$

$= \frac{17}{8}$

Ans. $\frac{17}{8}$

২নং এর সমাধান:

আমরা জানি,

$\sin\frac{\pi}{3} = \frac{\sqrt{3}}{2}$ এবং $\cos\frac{\pi}{3} = \frac{1}{2}$

$\therefore \dfrac{\sin^2\frac{\pi}{3} + \sin\frac{\pi}{3}\cos\frac{\pi}{3} + \cos^2\frac{\pi}{3}}{\sin\frac{\pi}{3} + \cos\frac{\pi}{3}} - \dfrac{\sin^2\frac{\pi}{3}\cos\frac{\pi}{3} + \cos^2\frac{\pi}{3}}{\sin\frac{\pi}{3} - \cos\frac{\pi}{3}}$

$= \dfrac{\left(\frac{\sqrt{3}}{2}\right)^2 + \frac{\sqrt{3}}{2}\cdot\frac{1}{2} + \left(\frac{1}{2}\right)^2}{\frac{\sqrt{3}}{2} + \frac{1}{2}} - \dfrac{\left(\frac{\sqrt{3}}{2}\right)^2 - \frac{\sqrt{3}}{2}\cdot\frac{1}{2} + \left(\frac{1}{2}\right)^2}{\frac{\sqrt{3}}{2} - \frac{1}{2}}$

$= \dfrac{\frac{3}{4} + \frac{\sqrt{3}}{4} + \frac{1}{4}}{\frac{\sqrt{3}+1}{2}} - \dfrac{\frac{3}{4} - \frac{\sqrt{3}}{4} + \frac{1}{4}}{\frac{\sqrt{3}-1}{2}}$

$= \frac{3+\sqrt{3}+1}{4} \times \frac{2}{\sqrt{3}+1} - \frac{3-\sqrt{3}+1}{4} \times \frac{2}{\sqrt{3}-1}$

$= \frac{4+\sqrt{3}}{2(\sqrt{3}+1)} - \frac{4-\sqrt{3}}{2(\sqrt{3}-1)}$

$= \frac{4(\sqrt{3}-1) + \sqrt{3}(\sqrt{3}-1) - 4(\sqrt{3}+1) + \sqrt{3}(\sqrt{3}+1)}{2(\sqrt{3}+1)(\sqrt{3}-1)}$

$= \frac{4(\sqrt{3}-1-\sqrt{3}-1) + \sqrt{3}(\sqrt{3}-1+\sqrt{3}+1)}{2\{(\sqrt{3})^2 - (1)^2}$

$= \frac{4(-2) + 2.\sqrt{3}.\sqrt{3}}{2(3-1)}$

$= \frac{-8+2.3}{4}$

$= \frac{-8+6}{4}$

$= \frac{-2}{4}$

$= -\frac{1}{2}$

Ans. $-\frac{1}{2}$

১৯ কাজ [Ref: পাঠ্যবই পৃষ্ঠা: ১৫৭]

$A = \frac{\pi}{3}$ ও $B = \frac{\pi}{6}$ এর জন্য নিম্নোক্ত অভেদসমূহ প্রমাণ কর:

(i) $\sin(A - B) = \sin A\cos B - \cos A\sin B$

(ii) $\cos(A + B) = \cos A\cos B - \sin A\sin B$

(iii) $\cos(A - B) = \cos A\cos B + \sin A\sin B$

(iv) $\tan(2B) = \frac{2\tan B}{1 - \tan^2 B}$

সমাধান:

দেওয়া আছে,

$$A = \frac{\pi}{3} \text{ ও } B = \frac{\pi}{6}$$

(i) বামপক্ষ $= \sin(A - B)$

$$= \sin\left(\frac{\pi}{3} - \frac{\pi}{6}\right)$$

$$= \sin\left(\frac{2\pi - \pi}{6}\right)$$

$$= \sin\left(\frac{\pi}{6}\right)$$

$$= \frac{1}{2} \quad \left[\because \sin\frac{\pi}{6} = \sin 30^\circ = \frac{1}{2}\right]$$

ডানপক্ষ $= \sin A\cos B - \cos A \sin B$

$$= \sin\frac{\pi}{3}.\cos\frac{\pi}{6} - \cos\frac{\pi}{3}.\sin\frac{\pi}{6}$$

$$= \frac{\sqrt{3}}{2} \times \frac{\sqrt{3}}{2} - \frac{1}{2} \times \frac{1}{2}$$

$$\left[\because \sin\frac{\pi}{3} = \sin 60^\circ = \frac{\sqrt{3}}{2} = \cos\frac{\pi}{6} = \cos 30^\circ \right.$$

$$\left. \cos\frac{\pi}{3} = \cos 60^\circ = \frac{1}{2} = \sin\frac{\pi}{6} = \sin 30^\circ \right]$$

$$= \frac{3}{4} - \frac{1}{4} = \frac{3 - 1}{4} = \frac{2}{4} = \frac{1}{2}$$

$\therefore \sin(A - B) = \sin A \cos B - \cos A \sin B$ [প্রমাণিত]

(ii) বামপক্ষ $= \cos(A + B)$

$$= \cos\left(\frac{\pi}{3} + \frac{\pi}{6}\right)$$

$$= \cos\left(\frac{2\pi + \pi}{6}\right)$$

$$= \cos\left(\frac{3\pi}{6}\right)$$

$$= \cos\left(\frac{\pi}{2}\right)$$

$$= 0 \quad \left[\because \cos\frac{\pi}{2} = \cos 90^\circ = 0\right]$$

ডানপক্ষ $= \cos A \cos B - \sin A \sin B$

$$= \cos\frac{\pi}{3}.\cos\frac{\pi}{6} - \sin\frac{\pi}{3}.\sin\frac{\pi}{6}$$

$$= \frac{1}{2} \times \frac{\sqrt{3}}{2} - \frac{\sqrt{3}}{2} \times \frac{1}{2}$$

$$= \frac{\sqrt{3}}{4} - \frac{\sqrt{3}}{4}$$

$$= 0$$

$\therefore \cos(A - B) = \cos A \cos B - \sin A \sin B$. [প্রমাণিত]

(iii) বামপক্ষ $= \cos(A - B)$

$$= \cos\left(\frac{\pi}{3} - \frac{\pi}{6}\right)$$

$$= \cos\left(\frac{2\pi - \pi}{6}\right)$$

$$= \cos\left(\frac{\pi}{2}\right)$$

$$= \frac{\sqrt{3}}{2}$$

ডানপক্ষ $= \cos A \cos B + \sin A \sin B$

$$= \cos\frac{\pi}{3}.\cos\frac{\pi}{6} + \sin\frac{\pi}{3}.\sin\frac{\pi}{6}$$

$$= \frac{1}{2} \times \frac{\sqrt{3}}{2} + \frac{\sqrt{3}}{2} \times \frac{1}{2}$$

$$= \frac{\sqrt{3}}{4} + \frac{\sqrt{3}}{4}$$

$$= \frac{\sqrt{3} + \sqrt{3}}{4}$$

$$= \frac{2\sqrt{3}}{4} = \frac{\sqrt{3}}{2}$$

$\therefore \cos(A - B) = \cos A \cos B + \sin A \sin B$ [প্রমাণিত]

(iv) বামপক্ষ $= \tan(2B)$

$$= \tan\left(2 \times \frac{\pi}{6}\right)$$

$$= \tan\left(\frac{\pi}{3}\right)$$

$$= \sqrt{3} \quad \left[\because \tan\frac{\pi}{3} = \tan 60^\circ = \sqrt{3}\right]$$

$$\text{ডানপক্ষ} = \frac{2\tan B}{1-\tan^2 B}$$

$$= \frac{2\tan\frac{\pi}{6}}{1-\left(\tan\frac{\pi}{6}\right)^2}$$

$$= \frac{2\times\frac{1}{\sqrt{3}}}{1-\left(\frac{1}{\sqrt{3}}\right)^2} \quad \left[\because \tan\frac{\pi}{6} = \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}\right]$$

$$= \frac{\frac{2}{\sqrt{3}}}{1-\frac{1}{3}}$$

$$= \frac{\frac{2}{\sqrt{3}}}{\frac{3-1}{3}}$$

$$= \frac{2}{\sqrt{3}}\times\frac{3}{2}$$

$$= \sqrt{3}$$

$$\therefore \tan 2B = \frac{2\tan B}{1-\tan^2 B} \text{ [প্রমাণিত]}$$

পাঠ্যবইয়ের অনুশীলনী ৮.২

১। ক্যালকুলেটর ব্যবহার না করে মান নির্ণয় কর:

(i) $\dfrac{\cos\frac{\pi}{4}}{\cos\frac{\pi}{6}+\sin\frac{\pi}{3}}$ (ii) $\tan\frac{\pi}{4}+\tan\frac{\pi}{6}.\tan\frac{\pi}{3}$

২। $\cos\theta = -\frac{4}{5}$ এবং $\pi < \theta < \frac{3\pi}{2}$ হলে $\tan\theta$ এবং $\sin\theta$ এর মান নির্ণয় কর।

৩। $\sin A = \frac{2}{\sqrt{5}}$ এবং $\frac{\pi}{2} < A < \pi$ এর ক্ষেত্রে $\cos A$ এবং $\tan A$ এর মান কত?

৪। দেওয়া আছে, $\cos A = \frac{1}{2}$ এবং $\cos A$ ও $\sin A$ একই চিহ্নবিশিষ্ট। $\sin A$ এবং $\tan A$ এর মান কত?

৫। দেওয়া আছে, $\tan A = -\frac{5}{12}$ এবং $\tan A$ ও $\cos A$ বিপরীত চিহ্নবিশিষ্ট। $\sin A$ এবং $\cos A$ এর মান নির্ণয় কর।

৬। নিম্নলিখিত অভেদসমূহ প্রমাণ কর:

(i) $\tan A + \cot A = \sec A \operatorname{cosec} A$

(ii) $\sqrt{\dfrac{1+\cos\theta}{1-\cos\theta}} = \operatorname{cosec}\theta + \cot\theta = \sqrt{\dfrac{\sec\theta+1}{\sec\theta-1}}$

(iii) $\sqrt{\dfrac{1-\sin A}{1+\sin A}} = \sec A - \tan A$

(iv) $\sec^4\theta - \sec^2\theta = \tan^4\theta + \tan^2\theta$

(v) $(\sec\theta - \cos\theta)(\operatorname{cosec}\theta - \sin\theta)(\tan\theta + \cot\theta) = 1$

(vi) $\dfrac{\tan\theta + \sec\theta - 1}{\tan\theta - \sec\theta + 1} = \tan\theta + \sec\theta$

৭। যদি $\operatorname{cosec} A = \frac{a}{b}$ হয়, যেখানে $a > b > 0$, তবে প্রমাণ কর যে, $\tan A = \dfrac{\pm b}{\sqrt{a^2-b^2}}$

৮। যদি $\cos\theta - \sin\theta = \sqrt{2}\sin\theta$ হয়, তবে দেখাও যে, $\cos\theta + \sin\theta = \sqrt{2}\cos\theta$

৯। $\tan\theta = \frac{x}{y} (x \neq y)$ হলে, $\dfrac{x\sin\theta + y\cos\theta}{x\sin\theta - y\cos\theta}$ এর মান নির্ণয় কর।

১০। $\tan\theta + \sec\theta = x$ হলে, দেখাও যে, $\sin\theta = \frac{x^2-1}{x^2+1}$

১১। $a\cos\theta - b\sin\theta = c$ হলে, প্রমাণ কর যে, $a\sin\theta + b\cos\theta = \pm\sqrt{a^2+b^2-c^2}$

১২। মান নির্ণয় কর:

(i) $\sin^2\frac{\pi}{6} + \cos^2\frac{\pi}{4} + \tan^2\frac{\pi}{3} + \cot^2\frac{\pi}{6}$

(ii) $3\tan^2\frac{\pi}{4} - \sin^2\frac{\pi}{3} - \frac{1}{2}\cot^2\frac{\pi}{6} + \frac{1}{3}\sec^2\frac{\pi}{4}$

(iii) $\tan^2\frac{\pi}{4} - \sin^2\frac{\pi}{3}\tan^2\frac{\pi}{6}\tan^2\frac{\pi}{3}.\cos^2\frac{\pi}{4}$

(iv) $\dfrac{\tan\frac{\pi}{3} - \tan\frac{\pi}{6}}{1 + \tan\frac{\pi}{3}\tan\frac{\pi}{6}} + \cos\frac{\pi}{3}\cos\frac{\pi}{6} + \sin\frac{\pi}{3}\sin\frac{\pi}{6}$

১৩। সরল কর: $\dfrac{1-\sin^2\frac{\pi}{6}}{1+\sin^2\frac{\pi}{4}} \times \dfrac{\cos^2\frac{\pi}{3} + \cos^2\frac{\pi}{6}}{\mathrm{cosec}^2\frac{\pi}{2} - \cot^2\frac{\pi}{2}} \div \left(\sin\frac{\pi}{3}\tan\frac{\pi}{6}\right) + \left(\sec^2\frac{\pi}{6} - \tan^2\frac{\pi}{6}\right)$

অনুশীলনী-৮.২ এর সমাধান

১। ক্যালকুলেটর ব্যবহার না করে মান নির্ণয় কর:

(i) $\dfrac{\cos\frac{\pi}{4}}{\cos\frac{\pi}{6} + \sin\frac{\pi}{3}}$ (ii) $\tan\frac{\pi}{4} + \tan\frac{\pi}{6}.\tan\frac{\pi}{3}$

(i) এর সমাধান:

$$\frac{\cos\frac{\pi}{4}}{\cos\frac{\pi}{6} + \sin\frac{\pi}{3}}$$

$$= \frac{\frac{1}{\sqrt{2}}}{\frac{\sqrt{3}}{2} + \frac{\sqrt{3}}{2}} \quad \left[\because \cos\frac{\pi}{4} = \frac{1}{\sqrt{2}}, \cos\frac{\pi}{6} = \frac{\sqrt{3}}{2} \text{ এবং } \sin\frac{\pi}{3} = \frac{\sqrt{3}}{2}\right]$$

$$= \frac{\frac{1}{\sqrt{2}}}{\frac{\sqrt{3}+\sqrt{3}}{2}}$$

$$= \frac{\frac{1}{\sqrt{2}}}{\frac{2\sqrt{3}}{2}}$$

$$= \frac{1}{\sqrt{2}} \times \frac{2}{2\sqrt{3}}$$

$$= \frac{1}{\sqrt{2}\times\sqrt{3}} = \frac{1}{\sqrt{6}}$$

(ii) এর সমাধান:

$$\tan\frac{\pi}{4} + \tan\frac{\pi}{6}.\tan\frac{\pi}{3}$$

$$= 1 + \frac{1}{\sqrt{3}}.\sqrt{3} \quad \left[\because \tan\frac{\pi}{4} = 1, \tan\frac{\pi}{6} = \frac{1}{\sqrt{3}} \text{ এবং } \tan\frac{\pi}{3} = \sqrt{3}\right]$$

$$= 1 + 1 = 2$$

২। $\cos\theta = -\frac{4}{5}$ এবং $\pi < \theta < \frac{3\pi}{2}$ হলে $\tan\theta$ এবং $\sin\theta$ এর মান নির্ণয় কর।

সমাধান:

দেওয়া আছে, $\cos\theta = -\frac{4}{5}$

এবং $\pi < \theta < \frac{3\pi}{2}$

এখানে, θ এর সীমা হলো $\pi < \theta < \frac{3\pi}{2}$ অর্থাৎ, $180° < \theta < 270°$

অর্থাৎ, θ তৃতীয় চতুর্ভাগে অবস্থিত। এই চতুর্ভাগে $\tan\theta$ এবং $\cot\theta$ ব্যতীত সকল ত্রিকোণমিতিক অনুপাত ঋণাত্মক।

এখন,

$$\cos\theta = -\frac{4}{5}$$

বা, $\cos^2\theta = \left(-\frac{4}{5}\right)^2$ [উভয় পক্ষকে বর্গ করে]

বা, $1 - \sin^2\theta = \frac{16}{25}$ [$\because \sin^2\theta + \cos^2\theta = 1$]

বা, $\sin^2\theta = 1 - \frac{16}{25}$

বা, $\sin^2\theta = \frac{25-16}{25}$

বা, $\sin^2\theta = \frac{9}{25}$

বা, $\sin\theta = \pm\frac{3}{5}$

কিন্তু θ তৃতীয় চতুর্ভাগে অবস্থিত; তাই এখানে $\sin\theta$ ঋণাত্মক।

$$\therefore \sin\theta = -\frac{3}{5}$$

আবার, $\tan\theta = \frac{\sin\theta}{\cos\theta} = \frac{-\frac{3}{5}}{-\frac{4}{5}}$ $\left[\because \sin\theta = \frac{-3}{5} \text{ এবং } \cos\theta = \frac{-4}{5}\right]$

$$= -\frac{3}{5} \times \left(-\frac{5}{4}\right)$$

$$= \frac{3}{4}$$

$$\therefore \tan\theta = \frac{3}{4}$$

বিকল্প পদ্ধতি:

দেয়া আছে,

$\cos\theta = -\frac{4}{5}$ এবং

$\pi < \theta < \frac{3\pi}{2}$



পিথাগোরাসের উপপাদ্য হতে পাই,

$PQ = \sqrt{OQ^2 - OP^2}$

$= \sqrt{5^2 - (-4)^2}$ $\left[\because \cos\theta = \frac{\text{ভূমি}}{\text{অতিভুজ}} = \frac{-4}{5}\right]$

$= \sqrt{25-16}$

$= \sqrt{9}$

চিত্র অনুসারে, $PQ = -3$

[Ref: Pure Mathematics by Lee Peng Yee, Teh keng seng, Looi Chin Keong. Page: 170, Chapter-9]

$\therefore \tan\theta = \frac{\text{লম্ব}}{\text{ভূমি}} = \frac{PQ}{OP} = \frac{-3}{-4} = \frac{3}{4}$

এবং $\sin\theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}} = \frac{PQ}{OQ} = \frac{-3}{5} = -\frac{3}{5}$

৩। $\sin A = \frac{2}{\sqrt{5}}$ এবং $\frac{\pi}{2} < A < \pi$ এর ক্ষেত্রে $\cos A$ এবং $\tan A$ এর মান কত?

সমাধান:

দেওয়া আছে,

$$\sin A = \frac{2}{\sqrt{5}} \text{ এবং } \frac{\pi}{2} < A < \pi$$

